# এইসএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

বিষয় কোড | ১ | ২ | ৪ |

**বিষয় ঃ মনোবিজ্ঞান ২য় পত্র (সৃজনশীল)**

**সময় ঃ ২ ঘণ্টা ২০ মিনিট** **পূর্ণমান—৫০**

[ বিশেষ দ্রষ্টব্য ঃ নিম্নের ৮টি প্রশ্ন থেকে সর্বমোট ৫টি প্রশ্নের উত্তর দিতে হবে। ১ এবং ৮ নং প্রশ্নের উত্তর দেয়া বাধ্যতামূলক। 'ক' ও 'খ' প্রতি গুচ্ছ থেকে কমপক্ষে ১টি করে মোট ৩টি প্রশ্নের উত্তর দিতে হবে। ]

১. নাসরীন জাহানের ছেলে প্রহর। তার বয়স ৮ বছর। স্কুলে ভর্তি করার পর থেকে তিনি লক্ষ্য করছেন প্রহর শিক্ষা গ্রহণ ক্ষমতা, বুদ্ধিমত্তা, মানসিক বিকাশ ইত্যাদি ক্ষেত্রে ওর ক্লাশের অন্য ছেলেদের তুলনায় অনেক পিছিয়ে। বিষয়টি নাসরীন জাহানকে চিন্তিত করে তোলে। তিনি রাস্তা চেনেন না তাই তার পাঁচ মাসের অন্তঃসত্ত্বা বোন ফারহানার সাথে প্রহরকে নিয়ে তিনি শিশু হাসপাতাল মানসিক বিকাশ কেন্দ্রে যান। সেখানে শিশু মনোবিজ্ঞানী তার বুদ্ধি পরিমাপ করে দেখতে পান প্রহরের বুদ্ধ্যংক ৬৫। বুদ্ধ্যংক বিস্তৃতির ছকের সাহায্যে তার মেধাগত অবস্থান এবং তার বুদ্ধিবৃত্তিক দুর্বলতা সম্পর্কে বুঝিয়ে দেন।

ক. বুদ্ধ্যংক কী? ১

খ. মেধা ও সৃজনশীলতার সম্পর্ক কী? ২

গ. নাসরীন জাহানের ছেলে প্রহর কোন শ্রেণির বুদ্ধি প্রতিবন্ধি? ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রহরের এই অবস্থা কি কারণে হতে পারে এবং ফারহানা কি কি সাবধানতা অবলম্বন করতে পারে তা বিশ্লেষণ কর। ৪

## 'ক' গুচ্ছ (২, ৩ ও ৪ নং প্রশ্ন)

২. সোহেল রহমান বিশ্ববিদ্যালয়ের শিক্ষক। তিনি অবসরে কবিতা লেখেন, ছবি আঁকেন। তিনি লক্ষ্য করলেন তার ক্লাশে আবীর নামে একজন ছাত্র ক্লাশে খাপ খাওয়াতে পারছে না। সে কারো সাথে সহজে মিশতে পারে না। আবীরকে তিনি মনোবিজ্ঞানীর কাছে পাঠালেন। মনোবিজ্ঞানী তাকে কতগুলো কার্ড দেখান এবং কী দেখছে তা বলতে বলেন। তিনি আবীরের উত্তরগুলো লিখে রাখেন। আবীরের সমস্যা বুঝতে পারেন।

ক. ব্যক্তিত্ব কী? ১

খ. শেলডনের শারীরিক গঠন মতবাদটি বিজ্ঞানসম্মত নয় কেন? ২

গ. আবীরের সমস্যা সমাধানে গৃহীত কার্যক্রম ব্যাখ্যা কর। ৩

ঘ. সোহেল রহমান ও আবীরের মাঝে একই ধরনের ব্যক্তিত্বের বৈশিষ্ট্য ফুটে উঠেছে—বিশ্লেষণ কর। ৪

৩. কাজী নেয়ামতুল্লাহ সাহেবের ছোট মেয়ে অনার্স চতুর্থ বর্ষের ছাত্রী। ওর বাবা বিয়ে দিতে চান। পাশের গ্রামের হাসান চৌধুরী সাহেব তার আমেরিকা প্রবাসী ছেলের জন্য বিয়ের প্রস্তাব পাঠান। কিন্তু নেয়ামতুল্লাহ সাহেব জানেন চৌধুরী পরিবার খুবই খারাপ পরিবার। তারা সবসময় অন্যের পিছনে লেগে থাকে, মানুষকে কুপরামর্শ দেয়, মামলা-মোকদ্দমা করে।

http://teachingbd.com

ক. বদ্ধমূল ধারণা কি? ১

খ. কিভাবে পূর্বসংস্কার তৈরি হয়? ২

গ. উদ্দীপকে কাজী নেয়ামতউল্লাহ সাহেবের ধারণা তুমি কিভাবে ব্যাখ্যা করবে? ৩

ঘ. নেয়ামতউল্লাহ সাহেবের ধারণা প্রকৃত না আরোপিত তা বিশেষ বৈশিষ্ট্যের ভিত্তিতে বিশ্লেষণ কর। ৪

৪. তানিয়া রহমান ঢাকা শহরের একটি স্বনামধন্য শিক্ষাপ্রতিষ্ঠানের ষষ্ঠ শ্রেণির শ্রেণিশিক্ষক। সাজিদ তার ক্লাশের সবচেয়ে দুষ্ট ছেলে। সে তার ক্লাশের অন্য ছেলেমেয়েদের ঠাট্টা-বিদ্রুপ করে, আক্রমণাত্মক আচরণ করে, ঝগড়া ফ্যাসাদ সৃষ্টি করে। অন্যদিকে, নিহাল খুব মুখচোরা, পরনির্ভরশীল। শিক্ষক-অভিভাবক মতবিনিময় সভার দিন তানিয়া রহমান উভয়ের অভিভাবকের সাথে একান্তে আলোচনাকালে বুঝতে পারেন সাজিদের বাবা-মার মধ্যে দ্বন্দ্ব কলহ লেগেই থাকে। অন্যদিকে, নিহালের বাবা-মা ওকে অতি রক্ষণশীল পরিবেশে বড় করেছেন।

ক. করণ শিক্ষণ কি? ১

খ. ব্যক্তিত্বের সাথে কৃষ্টির কি সম্পর্ক রয়েছে? ২

গ. উদ্দীপকে সাজিদের আগ্রাসী অবাঞ্ছিত আচরণের জন্য সামাজিকীকরণের কোন মাধ্যম দায়ী? ৩

ঘ. “সাজিদ ও নিহালের আচরণ ও বিকাশ যদিও দুই ধরনের সম্পর্কের কারণে হয়ে থাকে, তথাপি একই সমাজীকরণের মাধ্যম দায়ী”—বিশ্লেষণ কর। ৪

## 'খ' গুচ্ছ (৫, ৬ ও ৭ নং প্রশ্ন)

৫. সোনিয়া এইচ এস সি পরীক্ষার্থী। বাবা-মার স্বপ্ন মেয়ে বুয়েটে পড়বে। তাই মায়ের কড়া নজরদারীতে ঘড়ির কাঁটা ধরে তাকে পড়াশুনা করতে হচ্ছে। ইদানীং সোনিয়ার খুব ক্লান্ত লাগে, অবসাদগ্রস্থ হয়ে পড়ছে, ধৈর্য্য কমে যাচ্ছে। কিন্তু ওর মা তা বুঝতে পারছেন না। বকাবকি করেন। ফলে ক্রমশঃ তার পড়াশুনা করার ক্ষমতা কমতে থাকলো।

ক. হতাশা কী? ১

খ. পারিবারিক পরিবেশের সাথে মানসিক চাপের সম্পর্ক ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে কুলসুম মানসিক চাপের কোন উৎস দ্বারা প্রভাবিত? ব্যাখ্যা কর। ৩

ঘ. কুলসুমের এই অবস্থা নিরসনে কোন কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন তা বিশ্লেষণ কর। ৪

৬. ব্যবসায়ী খলিলুর রহমান সাহেব ঢাকা থেকে মাঝে মধ্যে গ্রামে যান। দরিদ্র মানুষের সাথে মিশেন, তাদের সমস্যা সমাধানের চেষ্টা করেন। গ্রামের নিরীহ মানুষের উপকার করেই শান্তি পান। সেই গ্রামেরই রেজাউল করিম সাহেব ধর্মীয় নিয়ম কানুন মেনে চলেন। নিজে ভালো কাজ করেন এবং মানুষকে সেদিকে আহবান করেন। খলিলুর রহমান সাহেব খোঁজ নিয়ে জানতে পারেন রেজাউল করিম সাহেব এই বৈশিষ্ট্যগুলো তাঁর পরিবার থেকে পেয়েছেন। অন্যদিকে ব্যবসায়ী আনিস সরকারের কোটি কোটি টাকা। তাঁর ভবিষ্যত পরিকল্পনা আরো অর্থ আয় ও ব্যয় করা।

Teachingbd.com

http://teachingbd.com

ক. মূল্যবোধ কী? ১

খ. মূল্যবোধের আদর্শ ও বিশ্বাসের সাথে কিভাবে সম্পর্কিত তা ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে খলিলুর রহমান সাহেব কোন ধরনের মূল্যবোধের অধিকারী তা ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব রেজাউল করিম ও আনিস সরকারের মূল্যবোধগুলোর তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৭. ঢাকা বিশ্ববিদ্যালয় মনোবিজ্ঞান বিভাগে ২য় বর্ষের ছাত্র-ছাত্রীদের প্র্যাকটিক্যাল ক্লাশ চলছে। এই পরীক্ষণে পরীক্ষক পরীক্ষণপাত্রকে কিছু সংখ্যা বলবে। পরীক্ষণপাত্র তা শুনে সাথে সাথে পুণরোৎপাদন করবে। সে সময় পাশের রাস্তা দিয়ে মিছিল যেতে শুরু করে। শ্লোগানের শব্দে কেউ কারো কথা শুনতে পাচ্ছিল না। প্রদর্শক সিরাজউদ্দিন গবেষণাগারের সব দরজা জানালা বন্ধ করে দিলেন যেন বাহির থেকে শ্লোগানের শব্দ এসে পরীক্ষণে বিঘ্ন ঘটাতে না পারে। এর ফলে পরীক্ষণকার্য সুষ্ঠুভাবে সম্পন্ন হয়। তবে সকল ক্ষেত্রে এই কৌশল কার্যকরী হয় না।

ক. চল কী? ১

খ. পরীক্ষণ পদ্ধতিকে বৈজ্ঞানিক পদ্ধতি বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে পরীক্ষণকার্য সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য ব্যবহৃত কৌশলটি ব্যাখ্যা কর। ৩

ঘ. 'যে সকল গবেষণার ক্ষেত্রে এই কৌশল কার্যকরী নয় সেক্ষেত্রে অন্য ব্যবস্থা নেয়া প্রয়োজন' —বিশ্লেষণ কর। ৪

৮. একাদশ শ্রেণির নির্বাচনি পরীক্ষায় মনোবিজ্ঞান বিষয়ে ৫০ জন ছাত্র-ছাত্রী অংশ নেয়। পরীক্ষায় মোট নম্বর ছিলো ৭৫। ছাত্রছাত্রীরা নিম্নরূপ নম্বর পায় ঃ

| শ্রেণি | পৌনঃপুন্য |
|---|---|
| ৬৫-৬৯ | ২ |
| ৬০-৬৪ | ৪ |
| ৫৫-৫৯ | ৮ |
| ৫০-৫৪ | ২০ |
| ৪৫-৪৯ | ১০ |
| ৪০-৪৪ | ৫ |
| ৩৫-৩৯ | ১ |
| | N=৫০ |

ক. বিচ্যুতির পরিমাপ কী? ১

খ. গড় বিচ্যুতি নির্ণয়ে চিহ্ন বর্জিত চিহ্ন ব্যবহার করা হয় কেন? ২

গ. বন্টনটির গড় ব্যবধান কত? ৩

ঘ. উপরের বন্টন থেকে আর কোন কোন বিস্তৃতির পরিমাপ নির্ণয় করা সম্ভব। বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

বিষয় কোড | ১ | ২ | ৪

## বিষয় ঃ মনোবিজ্ঞান ২য় পত্র (বহুনির্বাচনি)

সময় ঃ ২৫ মিনিট — পূর্ণমান—২৫

**[ বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১ ]**

১. শিক্ষা মনোবিজ্ঞানী বেঞ্জামিন এস ব্লুম বুদ্ধির জগতকে কতটি স্তরে ভাগ করেছেন?
ক ৪টি খ ৫টি গ ৬টি ঘ ৪টি

২. কে প্রথম বুদ্ধি অভীক্ষা প্রণয়ন করেন?
ক আলফ্রেড বিনে খ লুইস টারমান
গ ডেভিড ওয়েসলার ঘ ডেভন প্রাউডফুট

**নিচের উদ্দীপকটি পড় এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও ঃ**
খালেদ কেজি ক্লাশের ছাত্র। স্কুলে ভর্তি করার পর ওর মা লক্ষ্য করলেন খালেদ ভাষার ব্যবহার, সামাজিকতা এবং লেখাপড়া সকল ক্ষেত্রে পিছিয়ে আছে। তিনি মনোবিজ্ঞানীর স্মরণাপন্ন হোন। পরীক্ষা-নিরীক্ষার পর মনোবিজ্ঞানী জানালেন খালেদের বুদ্ধাংক ৬০ এবং সেই সাথে বুদ্ধি প্রতিবন্ধিতা সম্পর্কে বুঝিয়ে বলেন।

৩. খালেদ কোন ধরনের বুদ্ধি প্রতিবন্ধি?
ক মৃদু খ মধ্যম গ গুরুতর ঘ চরম

৪. খালেদের বুদ্ধি প্রতিবন্ধিতার কারণ কি হতে পারে—
i. মায়ের পুষ্টির অভাব ii. মায়ের অসুস্থতা iii. মস্তিষ্কের আকৃতি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৫. 'বুদ্ধি হলো বিদ্যুতের মতো.......' উক্তিটি কার?
ক ক্রাইডার খ ওয়েসলার গ থার্সটোন ঘ স্পিয়ারম্যান

৬. 'Hereditary Genius'-নামক বিখ্যাত বইটির লেখক কে?
ক রিচার্ড হার্নস্টেইন খ চার্লস মারে
গ ফ্রান্সিস গ্যালটন ঘ আলফ্রেড বিনে

৭. কার্ল ইয়ুং ব্যক্তিত্বকে নিম্নলিখিতভাবে প্রকাশ করেছেন—
i. অন্তর্মুখী ii. বহির্মুখী iii. উভয়মুখী
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৮. ক্যাটেল প্রদত্ত ব্যক্তিত্ব নির্দেশক তালিকায় কয়টি সংলক্ষণ আছে?
ক ১৫টি খ ১৬টি গ ১৭টি ঘ ১৮টি

**নিচের উদ্দীপকটি পড় এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও ঃ**
সিলভিয়াকে মনোবিজ্ঞান গবেষণাগারে নিয়ে আসা হলো একটি পরীক্ষণ পরিচালনা করার উদ্দেশ্যে। তাকে কালো, লাল ও ধূসর রঙের কার্ড দিয়ে প্রতি কার্ডে সে কী দেখতে পাচ্ছে তা বলতে বলা হলো। মনোবিজ্ঞানী তার উত্তর লিখে রাখলেন। এরপর তাকে আবার কার্ডগুলো দিয়ে বলা হলো সে যা যা দেখেছে তা কার্ডের কোন অংশে দেখেছে তা নির্দেশ করতে।

৯. সিলভিয়াকে নিয়ে যে পরীক্ষণটি করা হলো তার নাম কী?
ক কাহিনী সংপ্রত্যক্ষণ অভীক্ষা খ এমএমপিআই
গ রোশাক কালির ছাপ অভীক্ষা ঘ পেপার-পেন্সিল অভীক্ষা

১০. উদ্দীপকে সিলভিয়ার প্রতিক্রিয়ার সাথে তার ব্যক্তিত্বের সম্পর্ক হচ্ছে—
i. মানুষের ছবি বা গতিশীল মানুষের ছবি অধিক বুদ্ধিমত্তার পরিচায়ক
ii. রঙের উপর প্রতিক্রিয়া অসংযত আবেগের পরিচায়ক
iii. কালির ছাপের সামগ্রিক প্রত্যক্ষণ বিমূর্ত চিন্তার পরিচায়ক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১১. মনোভাবের প্রধান উপাদান কয়টি?
ক ২টি খ ৩টি গ ৪টি ঘ ৫টি

১২. বদ্ধমূল ধারণার কয়টি বৈশিষ্ট্য রয়েছে?
ক ২টি খ ৩টি গ ৪টি ঘ ৫টি

১৩. মনোভাবের বৈশিষ্ট্যসমূহ হচ্ছে—
i. মনোভাব জন্মগত ii. মনোভাব দীর্ঘস্থায়ী হয়ে থাকে
iii. মনোভাবের সাথে আবেগ জড়িত থাকে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৪. এডওয়ার্ড স্পেগ্রনজার মূল্যবোধসমূহকে কয়টি ভাগে ভাগ করেছেন?
ক ৩টি খ ৪টি গ ৫টি ঘ ৬টি

১৫. সত্যানুসন্ধানী, সৃজনশীল ও ব্যতিক্রমধর্মী মনোভাব কোন ধরনের মূল্যবোধের পরিচায়ক?
ক সামাজিক খ রাজনৈতিক গ তত্ত্বীয় ঘ ধর্মীয়

১৬. মূল্যবোধের বৈশিষ্ট্য সম্পর্কে বলা হয়েছে—
i. মূল্যবোধ সংখ্যার কম হয়ে থাকে
ii. মূল্যবোধ কৃষ্টির সাথে সম্পর্ক রয়েছে
iii. মূল্যবোধ এক ধরনের আদর্শ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৭. মানসিক চাপের সংজ্ঞায় বলা হয়েছে—
i. মানুষের আচরণে নেতিবাচক প্রভাব বিস্তার করে
ii. পরিবেশগত, শারীরিক ও সামাজিক ঘটনা থেকে সৃষ্ট
iii. হৃৎপিন্ড, স্নায়ুতন্ত্র ও গ্রন্থির কাজে বাধা দেয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৮. অবস্থিতিমূলক সামঞ্জস্যহীনতা মতবাদ কে প্রবর্তন করেন?
ক হাইডার খ নিউকোম্ব গ ফেস্টিঙ্গার ঘ হারবার্গ

১৯. পরীক্ষণের প্রথম ধাপ কোনটি?
ক নামকরণ খ সমস্যার বর্ণনা
গ প্রকল্প গঠন ঘ চল শনাক্তকরণ

২০. মনোবিজ্ঞানের গবেষণায় কত প্রকার চল ব্যবহৃত হয়?
ক ৩ খ ৪ গ ৫ ঘ ৬

**নিচের উদ্দীপকটি পড় এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও ঃ**
কোহিনুর বেগম একজন স্কুল শিক্ষক। গ্রামের বাড়িতে ঈদ করে ফেরার পথে এ্যাক্সিডেন্টে তার স্বামী মৃত্যুবরণ করেন। স্বামীর অকাল মৃত্যুতে তিনি ভেঙ্গে পড়েন। প্রায়ই উনার রক্তচাপ বেড়ে যায়, ঠিকমত খাওয়া দাওয়া করেন না। এমতাবস্থায় কোহিনুর বেগমের সহকর্মী এবং আত্মীয়স্বজন সহায়তা করেন। ফলে, মানসিক চাপ মোকাবেলা করতে সক্ষম হোন।

২১. উদ্দীপকে কোহিনুর বেগমের চাপমূলক অবস্থা থেকে উত্তরণের উপায় হলো—
i. সাংগঠনিক সামাজিক সহায়তা ii. কার্যভিত্তিক সহায়তা
iii. অবাস্তব কল্পনা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২২. কোহিনুর বেগম মানসিক চাপ মোকাবেলার ক্ষেত্রে আর কোন কোন উপায় অবলম্বন করতে পারেন— বিশ্লেষণ কর।
i. চাপমূলক পরিস্থিতির পুনর্মূল্যায়ন
ii. সামাজিক সহায়তা লাভের উদ্যোগ
iii. আত্মরক্ষামূলক কৌশল
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৩. চল নিয়ন্ত্রণের কৌশলগুলো হচ্ছে—
i. অপসারণ ii. ভারসাম্যকরণ iii. বস্তুনিষ্ঠতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৪. বিচ্যুতির পরিমাপ কয়টি?
ক ৩টি খ ৪টি গ ৫টি ঘ ৬টি

২৫. বিচ্যুতির পরিমাপের মধ্যে রয়েছে—
ক বিস্তারমান খ যোজিত গড় গ মধ্যমা ঘ প্রচুরক

http://teachingbd.com